

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
 কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা  
 www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৩১১.১৩.০০১.১৭-

তারিখ: ২৯/০১/২০১৮

প্রজ্ঞাপন

সোনালী ব্যাংক লিমিটেডে কর্মরত ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোহাম্মদ শওকত ইসলাম এর জন্ম তারিখ ০৩-০২-১৯৫৯। আগামী ০২-০২-২০১৮ তারিখে তাঁর বয়স ৫৯(উনষাট) বছর পূর্তিতে তাঁকে ০২-০২-২০১৮ তারিখ থেকে অবসর এবং ০৩-০২-২০১৮ তারিখ থেকে ০২-০২-২০১৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০২। রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক ও তদূর্ষ কর্মকর্তাগণের পদোন্নতি, নিয়োগ ও পদায়নের জন্য প্রণীত প্রজ্ঞাপনের ৮(খ) ও ৮(গ) অনুচ্ছেদ অনুযায়ী জনাব মোহাম্মদ শওকত ইসলাম এর ছুটি নগদায়নসহ অবসর সুবিধাদি মহাব্যবস্থাপক পদে পদোন্নতির পাওয়ার পূর্ব পর্যন্ত তিনি যে ব্যাংকে উপ-মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন সে ব্যাংক সম্পূর্ণরূপে প্রদান করবে। মহাব্যবস্থাপক পদে পদোন্নতির পর থেকে অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত তিনি যে সকল প্রতিষ্ঠানে চাকুরী করেছেন সে সকল প্রতিষ্ঠান তাঁর ঐ প্রতিষ্ঠানে চাকুরীকালের জন্য আনুপাতিক হারে উক্ত সুবিধাদির সংশ্লিষ্ট অংশ সম্পূর্ণ অবসর সুবিধাদি পরিশোধকারী প্রতিষ্ঠানকে পূনর্ভরণ করবে।

০৩। “গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪” এর ১০ ধারা এবং বিদ্যমান পেনশন নীতিমালার আলোকে অবসর সুবিধাদি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

(মোঃ রিজওয়ানুল হুদা)

উপসচিব


ফোন: ৯৫৫৪৯৪০

নম্বর-৫৩.০০.০০০০.৩১১.১৩.০০১.১৭-৬৬

তারিখ: ২৯/০১/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০২। সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। জনাব মোহাম্মদ শওকত ইসলাম, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। প্রোগ্রামার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
 (মোঃ রিজওয়ানুল হুদা)  
 উপসচিব